# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৭০৮

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

### আরবী

وَعَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ عَنْ أَبِيهِ مُرْسَلًا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حثا عَلَى الْمَيِّتِ ثَلَاثَ حَثَيَاتٍ بِيَدَيْهِ جَمِيعًا وَأَنَّهُ رَشَّ عَلَى قَبْرِ ابْنِهِ إِبْرَاهِيمَ وَوَضَعَ عَلَيْهِ حَصْبَاءَ. رَوَاهُ فِي شَرْحِ السُّنَّةِ وَرَوَى الشَّافِعِيُّ من قَوْله: «رش»

### বাংলা

১৭০৮-[১৬] ইমাম জা’ফার ইবনু মুহাম্মাদ (রহঃ) হতে বর্ণিত। তিনি তাঁর পিতা হতে মুরসাল সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের দু’ হাতের মুষ্টি ভরে মাটি নিয়ে মাইয়্যিতের কবরের উপর তিনবার দিয়েছেন। তিনি তার পুত্র ইব্রাহীমের কবরে পানি ছিটিয়েছেন এবং (চিহ্ন রাখার জন্য) কবরের উপর কংকর দিয়েছেন। (শারহুস্ সুন্নাহ; ইমাম শাফি’ঈ ’’পানি ছিটিয়েছেন’’ থেকে [শেষ পর্যন্ত] বর্ণনা করেছেন)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : মুসনাদ আশ্ শাফি‘ঈ ৬০১, শারহুস্ সুন্নাহ্ ১৫১৫, ইরওয়া ৭৫৫। কারণ এর সানাদে ইব্রাহীম একজন খুবই দুর্বল রাবী। তবে وأَنَّه رَشَّ... অংশটুকু সহীহ যেমনটি সহীহাতে আলবানী (রহঃ) বলেছেন ৭/৩০৪৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: মুল্লা ‘আলী ক্বারী বলেনঃ ইমাম আহমাদ দুর্বল সানাদে বর্ণনা করেছেন যে, তিনবার মাটি দেয়ার সময় প্রথমবার বলবে منها خلقناكم অর্থাৎ এ মাটিই থেকে আমি তোমাদেরকে সৃষ্টি করেছি। দ্বিতীয়বার মাটি দেয়ার সময় বলবে, وفيها نعيدكم অর্থাৎ এ মাটিতে তোমাদেরকে ফিরিয়ে আনব। তৃতীয়বার মাটি দেয়ার সময় বলবে, ومنها نخرجكم تارة اخرى অর্থাৎ এ মাটি থেকেই আমি তোমাদেরকে পুনরায় উত্তোলন করব।

ব্যাখ্যাকার (মুবারকপূরী) বলেন, ক্বারী আহমাদের যে বর্ণনাটি উল্লেখ করেছেন তা আমি কোথাও পাইনি এবং এমন কাউকে পাইনি যে বিষয়টি উল্লেখ করেছেন। এছাড়া ক্বারীর বর্ণনাতে আত্মতৃপ্তি হয় না। কারণ তিনি এ বিষয়ে যোগ্য নন।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56268

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন